

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

সার্কুলার পত্র নং-এফইপিডি(কম)২৯১/২০০২-১৩৬৭

তারিখ : ০২ জুন, ২০০২

১৯ জ্যৈষ্ঠ, ১৪০৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

রওয়ানিমুখী দেশীয় বজ্রখাতে ডিউটি ড্র-ব্যাংক ও শুদ্ধ বস্তুর পরিবর্তে
বিকল্প নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে অডিট ফর্ম নিয়োগ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ের প্রতি সকল অনুমোদিত ডিলার ব্যাংকের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

০২। রওয়ানিমুখী দেশীয় বজ্রখাতে শুদ্ধ বস্ত্র ও ডিউটি ড্র-ব্যাংক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা প্রদানের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এফ,ই সার্কুলার ০৯/২০০১ এর সংশোধনী জারীর সরকারী সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। সরকারী এই সিদ্ধান্ত মোতাবেক বজ্রখাতে বর্তমান অর্থ বছরের (২০০১-২০০২) বকেয়া নগদ সহায়তা দাবী পরিশোধের ক্ষেত্রে বিদ্যমান নিয়মাবলী ছাড়াও দাবীর কেস সমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়োজিত অডিট ফর্ম দ্বারা অডিট করাইতে হইবে। আগামী ২০০২-২০০৩, ২০০৩-২০০৪ ও ২০০৪-২০০৫ অর্থ বছরে পরিশোধ্য দাবী সম্পর্কে প্রযোজ্য সংশোধনী সম্পর্কে পরবর্তীতে বিস্তারিত নির্দেশ জারী করা হইবে।

০৩। এমতাবস্থায়, আপনাদের অনুমোদিত ডিলার শাখাসমূহ কর্তৃক বর্তমান অর্থ বছরের বকেয়া আবেদন নিষ্পত্তির লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থাদির যথাযথ অনুসরণ নিশ্চিতকরণের জন্য এতদ্বারা পরামর্শ প্রদান করা যাইতেছে :

(ক) ব্যাংকসমূহের নিকট আবেদনকৃত নগদ সহায়তার আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট ব্যাংকের নিয়োজিত বিদ্যমান অডিট ফর্ম দ্বারা অডিট করাইতে হইবে। এই সার্কুলার পত্র জারীর পর বাংলাদেশ ব্যাংক হইতে প্রাপ্ত ইমপ্রেস্ট তহবিলে পুনঃমোপানকৃত অর্থের বিপরীতে নগদ সহায়তা বিতরণের পূর্বে প্রতিক্ষেত্রে অডিটর কর্তৃক প্রত্যয়ন নিশ্চিত করিতে হইবে।

(খ) অডিটের Terms of Reference(TOR) সংযোজনী 'খ' তে প্রদান করা হইল।

(গ) ICAB কর্তৃপক্ষের সংগে আলোচনাপূর্বক অডিটরের ফি এর মাত্রা নিম্নরূপ নির্ধারণ করা হইয়াছে -

(১) আবেদনের অংক ৫ লক্ষ টাকা পর্যন্ত	-	৪,০০০ টাকা
(২) আবেদনের অংক ৫ লক্ষ টাকার অধিক হইতে ১০ লক্ষ টাকা	-	৫,০০০ টাকা
(৩) আবেদনের পরিমাণ ১০ লক্ষ টাকার অধিক	-	৭,০০০ টাকা

(ঘ) অডিট ফর্ম তাহাদের নিরীক্ষা কার্যশেষে সংযোজনী-'গ' অনুযায়ী একটি প্রত্যয়নপত্র দাখিল করিবে। সংশ্লিষ্ট অডিট ফর্ম এই প্রত্যয়নের জন্য সম্পূর্ণভাবে দায়ী থাকিবে। ভুল/মিথ্যা প্রত্যয়নের কারণে পরবর্তীতে ব্যাংক ক্ষতিগ্রস্ত হইলে তাহারা পরিশোধিত ফি ব্যাংককে ফেরত প্রদানে বাধ্য থাকিবে। তাহাছাড়াও অডিট ফর্মের বিরুদ্ধে অন্যান্য আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(ঙ) অডিট কাজ শুরু পূর্বে TOR এবং ফি এর হার ও নিয়োগের শর্তাবলী (সংযোজনী-'ক' মোতাবেক) অবহিত করিয়া এই কার্য সম্পাদনে সংশ্লিষ্ট অডিট ফর্মের লিখিত সম্মতি গ্রহণপূর্বক ব্যাংকের রেকর্ডে সংরক্ষণ করিতে হইবে ;

(চ) ব্যাংকসমূহ সংশ্লিষ্ট অডিট ফর্মকে নিরীক্ষাকার্য শেষে নির্ধারিত হারে ফি পরিশোধপূর্বক নিরীক্ষক কর্তৃক দাখিলকৃত বিবরণী (সংযোজনী-'ঘ') এবং পরিশোধকৃত বিলের একটা কপিসহ তাহা পুনর্ভরণের জন্য বাংলাদেশ ব্যাংকের মুদ্রা ব্যবস্থাপনা ও হিসাব বিভাগে আবেদন করিবে।

০৪। সংশ্লিষ্ট ব্যাংক নিয়োগপ্রাপ্ত অডিট ফর্মকে নগদ সহায়তার আবেদনপত্র সংক্রান্ত যাবতীয় দলিল/নথি সরবরাহকরাসহ সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবে। ইহাছাড়া রওয়ানিকারকের বিষয়ে যাবতীয় অনুসন্ধান পরিচালনাসহ রওয়ানিকারকের কারখানা/কার্যালয়/স্থাপনা ইত্যাদি সরেজমিন পরিদর্শনের বিষয়েও ব্যাংক প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

সংযোজনী : ০৪(চার)।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ এবতাদুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫

৩/১/০২